



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, পরিচালক, কৃত্রিম প্রজননের দপ্তর

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা .....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক .....	১২
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ .....	১৩
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ .....	১৪

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Regional/Zonal Office)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে গবাদিপশুর জাত উন্নয়ন করে দুধ ও মাংসের উৎপাদন বৃদ্ধির জন্য পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ভূমিহীন, খেটে খাওয়া মানুষের আয়ের উৎস হিসেবে উন্নত জাতের গাভী পালন, গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। গ্রামবাংলার অনেক কৃষক শুধুমাত্র দুধ বিক্রির অর্থ দিয়ে তাঁদের জীবিকা নির্বাহ করে থাকেন। এছাড়াও বাংলাদেশের গ্রামীণ জনগোষ্ঠীর প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, কর্মসংস্থান, নারীর ক্ষমতায়ন, পুঁজি বিনিয়োগ, মাংস, দুধ ও অন্যান্য প্রাণিজাত পণ্য উৎপাদনে স্বনির্ভরতা অর্জনসহ, জৈব সার উৎপাদন করে রাসায়নিক সারের উপর নির্ভরশীলতা কমানো, জমির উর্বরা শক্তি বৃদ্ধি, মাংস ও প্রাণিজাত পণ্য রপ্তানী, পল্লী এলাকায় বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ইত্যাদিতে গবাদিপশু পালন ব্যাপক ভূমিকা রেখে আসছে। গবাদিপশুর জাত উন্নয়নে দুধ উৎপাদন বৃদ্ধি পেয়েছে। ফলে দিন দিন কৃত্রিম প্রজননের প্রতি সাধারণ খামারীদের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে। সেই কারণে প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রত্যক্ষ সহযোগীতায় সরকারিভাবে ৪৫০০ জন ও বেসরকারি উদ্যোগে প্রায় ১০,০০০ জন মোট প্রায় ১৫০০০ জন বেকার যুবককে এ আই টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) হিসেবে কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে। বর্তমানে ২২২ মিলি/জন/দিন দুধ, ১৩৭ গ্রাম/জন/দিন মাংস ও ১৩৫টি /জন/বৎসর ডিমের প্রাপ্যতা নিশ্চিত করা হয়েছে (তথ্যসূত্রঃ ডিএলএস) যা দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ২০২২-২৩ অর্থ বছরে দেশে মোট ১৪.০৭ মিলিয়ন মেট্রিকটন দুধ, ৮.৭১ মিলিয়ন মেট্রিকটন মাংস ও ২৩৩৭.৬৩ কোটি পিস ডিম উৎপাদন করা হয়েছে (তথ্যসূত্রঃ ডিএলএস)।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

মাঠ পর্যায়ে প্রান্তিক খামারীগণ গবাদিপশু পালনে ব্যাপক চ্যালেঞ্জ মোকাবেলা করেছে। গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্টু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, লাগসই প্রযুক্তির অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ও বাজেট প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

#### ভবিষ্যৎ পরিকল্পনা:

মুজিব বর্ষের কর্মপরিকল্পনা, সরকারের নির্বাচনী অঙ্গীকার, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ডেল্টাপ্লান-২১০০ এবং ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জনে এবং প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১ বাস্তবায়নে প্রাণিজাত পণ্যের যথাযথ উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমুখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থা প্রবর্তন করা হবে। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন করা হবে। দুধ ও মাংস জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন এবং অধিক মাংস উৎপাদন ক্ষমতা সম্পন্ন গরুর জাত উন্নয়ন করা হবে। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন করা হবে। তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিজ্ঞ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাজিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ। সর্বোপরি, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট SDG-এর ৯টি অভীষ্ট ও ২৮টি লক্ষ্যমাত্রা অর্জনে প্রাণিসম্পদ অধিদপ্তর ইতোমধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে যা সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

#### ২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৪১.৮ লক্ষ ডোজ সিমেন উৎপাদন
- ২০ টি পরিদর্শন প্রতিবেদন সহ সুপারিশ প্রদান
- ৯০% পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন
- ১৬ লক্ষ বাছুর উৎপাদনের তথ্য সংগ্রহ

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, পরিচালক, কৃত্রিম প্রজননের দপ্তর

এবং

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-এর মধ্যে ২০২৪ সালের ..... মাসের .....  
তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপূরণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. কৃত্রিম উপায়ে ব্রিডিং বুল থেকে ৪১.৮ লক্ষ ডোজ সিমেন্ট উৎপাদন- ২০ নম্বর
২. পরিদর্শন প্রতিবেদনের ৯০% সুপারিশ বাস্তবায়ন -২০ নম্বর
৩. ২০ টি পরিদর্শন প্রতিবেদনসহ সুপারিশ প্রদান করা-২০ নম্বর
৪. কৃত্রিম প্রজননের মাধ্যমে ১৬ লক্ষ টি বাছুর উৎপাদনের তথ্য সংগ্রহ - ১০ নম্বর

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দুধ ও মাংস তথা প্রাণিজ আমিষের উৎপাদন বৃদ্ধি করা
২. গবাদি পশু-পাখির জাত উন্নয়ন
৩. গবাদি পশু-পাখির কৌলিকমান সংরক্ষণ ও উন্নয়ন
৪. প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন

**সেকশন ২**  
**বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)**

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
দুধ উৎপাদন বৃদ্ধি	জনপ্রতি দুধের (দুগ্ধজাত পন্যসহ) প্রাপ্যতা	পরিমাণ (মিলি/জন/দিন)	২২১.৮৯	২২০.৯০	২৩৯.৪৭	২৫১.৯০	২৫৭.৪০	মিল্কভিটা, বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা ও বেসরকারী সংস্থা।	প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা এবং বিবিএস।
মাংস উৎপাদন বৃদ্ধি	জনপ্রতি মাংসের (মাংসজাত পন্যসহ) প্রাপ্যতা	পরিমাণ (গ্রাম/জন/দিন)	১৩৭.৩৮	১৩৭.০২	১৩৮.০৫	১৪১.৩৭	১৪২.০০	বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা ও বেসরকারী সংস্থা।	প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিবিএস।
ডিমের উৎপাদন বৃদ্ধি	জনপ্রতি ডিমের প্রাপ্যতা	পরিমাণ (সংখ্যা/জন/বছর)	১৩৪.৫৮	১০৪.০৫	১৩৮.৯৫	১৪০.৩৫	১৪১.১৫	বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা ও বেসরকারী সংস্থা।	প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও বিবিএস।

\*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩  
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] কৃত্রিম উপায়ে ব্রিডিং বুল থেকে ৪১.৮ লক্ষ ডোজ সিমেন উৎপাদন- ২০ নম্বর	২০	[১.১] ২টি কৃত্রিম প্রজনন ল্যাবটরী ও ৭টি জেলা কেন্দ্রের মাধ্যমে যথাক্রমে হিমায়িত ও তরল সিমেন উৎপাদন করা	[১.১.১] সিমেন উৎপাদন	ক্রমপুঞ্জিভূত	লক্ষ	২০	৪২.২৫	৩৩.৩৭	৪১.৮০	৩৭.৬২	৩৩.৪৪	২৯.২৬	২৫.০৮	৪২.০০	৪২.৫০
[২] পরিদর্শন প্রতিবেদনের ৯০% সুপারিশ বাস্তবায়ন - ২০ নম্বর	২০	[২.১] জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ও কৃত্রিম প্রজনন ল্যাবরেটরীর কার্যক্রম পরিদর্শনের মাধ্যমে প্রস্তুতকৃত সুপারিশ সমূহ বাস্তবায়ন	[২.১.১] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	ক্রমপুঞ্জিভূত	%	২০			৯০	৮০	৭০	৬০	৫০	১০০	১০০
[৩] ২০ টি পরিদর্শন প্রতিবেদনসহ সুপারিশ প্রদান করা- ২০ নম্বর	২০	[৩.১] ৬৪টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করা সুপারিশ প্রদান করা।	[৩.১.১] পরিদর্শন প্রতিবেদন	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২০			২০	১৮	১৬	১৪	১২	২০	২০
[৪] কৃত্রিম প্রজননের মাধ্যমে ১৬ লক্ষ টি বাছুর উৎপাদনের তথ্য সংগ্রহ - ১০ নম্বর	১০	[৪.১] ৬৪টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র এর মাধ্যমে কৃত্রিম প্রজননকৃত গাভী থেকে বাচ্চা উৎপাদনের তথ্য সংগ্রহ করা	[৪.১.১] বাচ্চা উৎপাদন	ক্রমপুঞ্জিভূত	লক্ষ	২০	১৬.৫৩	১২.০৩	১৬.০০	১৪.৪০	১২.৮০	১১.২০	৯.৬০	১৬.৫০	১৭.০০



কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০	১০	৮						১০	১০
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০	১০	৯						১০	১০
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪	৪	২.৮						৪	৪
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩	৩	১.৯						৩	৩
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩	৩	১.৮						৩	৩

\*সাময়িক (provisional) তথ্য

আমি, পরিচালক, পরিচালক, কৃত্রিম প্রজননের দপ্তর, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর হিসাবে পরিচালক, পরিচালক, কৃত্রিম প্রজননের দপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.....  
পরিচালক  
পরিচালক, কৃত্রিম প্রজননের দপ্তর

.....  
তারিখ

.....  
মহাপরিচালক  
প্রাণিসম্পদ অধিদপ্তর

.....  
তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এআই	কৃত্রিম প্রজনন (Artificial Insemination)
২	এনজিও	বেসরকারি সংস্থা (Non Government Organization)
৩	এফএও	খাদ্য ও কৃষি সংস্থা (Food and Agriculture Organization)
৪	এমওএফএল	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock)
৫	এলজিইডি	স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ (Local Government and Engineering Department)
৬	জিডিপি	মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product)
৭	টিএমআর	টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration)
৮	ডিএলএস	প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services)
৯	পিএসও	প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার
১০	বিএলআরআই	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute)
১১	বিবিএস	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics)

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] ২টি কৃত্রিম প্রজনন ল্যাবরেটরী ও ৭টি জেলা কেন্দ্রের মাধ্যমে যথাক্রমে হিমায়িত ও তরল সিমেন উৎপাদন করা	[১.১.১] সিমেন উৎপাদন	কৃত্রিম প্রজনন ল্যাবরেটরী ও জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রসমূহ	উপপরিচালক-এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[২.১] জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ও কৃত্রিম প্রজনন ল্যাবরেটরীর কার্যক্রম পরিদর্শনের মাধ্যমে প্রস্তুতকৃত সুপারিশ সমূহ বাস্তবায়ন	[২.১.১] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রসমূহ	উপপরিচালক-এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[৩.১] ৬৪টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করা সুপারিশ প্রদান করা।	[৩.১.১] পরিদর্শন প্রতিবেদন	জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রসমূহ	উপপরিচালক-এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[৪.১] ৬৪টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র এর মাধ্যমে কৃত্রিম প্রজননকৃত গাভী থেকে বাচ্চা উৎপাদনের তথ্য সংগ্রহ করা	[৪.১.১] বাচ্চা উৎপাদন	জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রসমূহ	উপপরিচালক-এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন

**সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
৬৪টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র এর মাধ্যমে কৃত্রিম প্রজননকৃত গাভী থেকে বাচ্চা উৎপাদনের তথ্য সংগ্রহ করা	বাচ্চা উৎপাদন	প্রাণিসম্পদ অধিদপ্তর	বাজেট, জনবল ও প্রশাসনিক সহায়তামূলক কর্ম
২টি কৃত্রিম প্রজনন ল্যাবটরী ও ৭টি জেলা কেন্দ্রের মাধ্যমে যথাক্রমে হিমায়িত ও তরল সিমেন উৎপাদন করা	সিমেন উৎপাদন	প্রাণিসম্পদ অধিদপ্তর	বাজেট, জনবল ও প্রশাসনিক সহায়তামূলক কর্ম
৬৪টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করা সুপারিশ প্রদান করা।	পরিদর্শন প্রতিবেদন	প্রাণিসম্পদ অধিদপ্তর	বাজেট, জনবল ও প্রশাসনিক সহায়তামূলক কর্ম
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ও কৃত্রিম প্রজনন ল্যাবরেটরীর কার্যক্রম পরিদর্শনের মাধ্যমে প্রস্তুতকৃত সুপারিশ সমূহ বাস্তবায়ন	পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	প্রাণিসম্পদ অধিদপ্তর	বাজেট, জনবল ও প্রশাসনিক সহায়তামূলক কর্ম

### সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ